মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রদত্ত
শাহবাগস্থ বাংলাদেশ বেতার ভবনের চাবি
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়কে হস্তান্তর

"উন্নত চিকিৎসা সেবা, চিকিৎসা শিক্ষা ও গবেষণাকে এগিয়ে নিতে
মাননীয় প্রধানমন্ত্রীর সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যেই বেতার ভবন হস্তান্তর: মাননীয় তথ্যমন্ত্রী"

"জাদুঘর করার মাধ্যমে বঙ্গবন্ধুর ৭-ই মার্চের ঐতিহাসিক ভাষণ সংরক্ষণ করা হবে"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় তথ্যমন্ত্রী জনাব হাসানুল হক ইনু, এমপি মহোদয়ের উপস্থিতিতে আজ মঙ্গলবার ৩ এপ্রিল ২০১৮ইং তারিখ, দুপুর ১টায় শাহবাগস্থ বাংলাদেশ বেতার ভবনে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়ার কাছে বাংলাদেশ বেতারের মহাপরিচালক জনাব নারায়ণ চন্দ্র শীল বাংলাদেশ বেতার ভবনের চাবি হস্তান্তর করেন। এসময় বাংলাদেশ আওয়ামী লীগের স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক ডা. রোকেয়া সুলতানা, স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিকল্পনা বিভাগের মাননীয় সচিব জনাব ফয়েজ আহমেদ, তথ্য মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব আব্দুল মালেক, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, সাবেক উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. মোঃ রুহুল আমিন মিয়া, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ডীন অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান, মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডীন অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, পরিচালক (মানব সম্পদ) ডা. জামাল উদ্দিন খলিফা, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অধ্যাপক ডা. আবু নাসার রিজভী, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের চীফ এস্টেট অফিসার ডা. এ কে এম শরীফুল ইসলাম।

শাহবাগস্থ বাংলাদেশ বেতার ভবনের চাবি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়কে হস্তান্তর উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় তথ্যমন্ত্রী জনাব হাসানুল হক ইনু, এমপি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। গত ৯ বছরে দেশের প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রসার হয়েছে। বাংলাদেশ বেতার একটি ঐতিহাসিক প্রতিষ্ঠান। উন্নত চিকিৎসা সেবা, চিকিৎসা শিক্ষা ও গবেষণাকে এগিয়ে নিতে মাননীয় প্রধানমন্ত্রী শাহবাগস্থ বাংলাদেশ বেতার ভবন ও স্থাপনাসমূহ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়কে হস্তান্তরের সিদ্ধান্ত নিয়েছেন এবং সে সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যেই বেতার ভবন হস্তান্তর করা হলো। আশাকরি, এই কার্যক্রম একটি সুস্থ ও সুন্দর, সবল, সমৃদ্ধ এবং সুস্বাস্থ্যবান জাতি গঠনে বিশেষ ভূমিকা রাখবে।

সভাপতির বক্তব্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়কে বাংলাদেশ বেতার ভবন হস্তান্তর করায় বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ মাননীয় তথ্যমন্ত্রী জনাব হাসানুল হক ইনু, এমপি, তথ্য মন্ত্রণালয় ও বাংলাদেশ বেতার সংশ্লিষ্ট সকল কর্মকর্তার প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়কে শাহবাগস্থ বেতার ভবন হস্তান্তর করায় এ বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা সেবা, চিকিৎসা শিক্ষা ও গবেষণাসহ সামগ্রিক কার্যক্রম এগিয়ে নিতে বিরাট ভূমিকা রাখবে। সকলের সহযোগিতায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়কে সেন্টার অব এক্সিলেন্স হিসেবে গড়ে তুলে দেশের চিকিৎসাসেবা, শিক্ষা ও গবেষণার একমাত্র ভরসাস্থলে পরিণত করা হবে। তিনি আরো বলেন, শাহবাগস্থ বেতার ভবনে (বর্তমানে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়) সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় বঙ্গবন্ধুর ৭-ই মার্চের ঐতিহাসিক ভাষণসহ আমাদের মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার সাথে সংশ্লিষ্ট সকল ঐতিহাসিক বিষয় নিয়ে একটি জাদুঘর করার মাধ্যমে সংরক্ষণ করা হবে।

বাংলাদেশ বেতারের জনাব নারায়ণ চন্দ্র শীল বলেন, ১৯৭১ সালের ৭-ই মার্চ বঙ্গবন্ধুর দেয়া ঐতিহাসিক ভাষণ বাংলাদেশ বেতার সম্প্রচার করতে দেয়া হয়নি। পরে তীব্র প্রতিবাদের মুখে তৎকালীন পাকিস্তানী সরকার ১৯৭১ সালের ৮ মার্চ বঙ্গবন্ধুর ভাষণ শাহবাগস্থ বাংলাদেশ বেতার ভবন থেকে সম্প্রচার করতে দিতে বাধ্য হয়েছিলো। বঙ্গবন্ধু শাহবাগস্থ বাংলাদেশ বেতারের ভবনের একটি চেয়ারে বসেছিলেন। বাংলাদেশের স্বাধীনতার সাথে সম্পৃক্ত এসব ঐতিহাসিক বিষয় অবশ্যই সংরক্ষণ করা প্রয়োজন।

স্বাগত বক্তব্যে চীফ এস্টেট অফিসার ডা. এ কে এম শরীফুল ইসলাম জানান, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সাবেক উপাচার্য অধ্যাপক ডা. প্রাণ গোপাল দত্ত স্যারের আবেদনের প্রেক্ষিতে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শাহবাগস্থ বাংলাদেশ বেতার ভবন হস্তান্তরের কার্যকরী উদ্যোগ নেন এবং গত ১৮ জুলাই ২০১৭ইং তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর কার্যালয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)'র সম্মানিত সদ্য সাবেক উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খানের হাতে শাহবাগস্থ বাংলাদেশ বেতারের জমি ও স্থাপনার দলিল হস্তান্তর করেন। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের পূর্বপাশের সড়কের বিপরীতে অবস্থিত বারডেম হাসপাতাল ও ইন্টার কনটিনেন্টাল হোটেল এন্ড রিসোর্টস-এর মধ্যবর্তী স্থলে বাংলাদেশ বেতারের (বর্তমানে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়) জায়গার পরিমাণ ২.৭৬ একর। বাংলাদেশ বেতারের (বর্তমানে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়) ২.৭৬ একর জমিসহ বর্তমানে প্রায় ২৩ একর জমির উপর জাতির পিতার নামে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত।